গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.১১.০০২.১৮-৩১৫

তারিখঃ ০৪ চৈত্র ১৪২৪ / ১৮ মার্চ ২০১৮

# নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নিম্নোক্ত রাজস্ব খাতভুক্ত স্থায়ী ও নবসৃষ্ট অস্থায়ী শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে (সংশ্লিষ্ট নিয়োগ বিধি মোতাবেক স্থায়ীযোগ্য) পূরণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১। | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩, বেতনস্কেল ১১০০০-২৬৫৯০/-) | ০৭(সাত)টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>গ) সাঁটলিপি পরীক্ষার সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ;<br>ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২। | ক্যাশিয়ার (গ্রেড-১৪, বেতনস্কেল ১০২০০-২৪৬৮০/-) | ০১(এক)টি | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রি। |
| ০৩। | ক্যাটালগার (গ্রেড-১৪, বেতনস্কেল ১০২০০-২৪৬৮০/-) | ০১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রি; অথবা কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ। |
| ০৪। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬, বেতনস্কেল ৯৩০০-২২৪৯০/-) | ০৮(আট)টি | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ;<br>ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৫। | গাড়িচালক (গ্রেড-১৫, বেতনস্কেল ৯৭০০-২৩৪৯০/-, ভারী লাইসেন্স) (গ্রেড-১৬, বেতনস্কেল ৯৩০০-২২৪৯০/- হালকা লাইসেন্স) | ০১(এক)টি | ৮ম শ্রেণি পাস। হালকা ও ভারী গাড়ি চালনার বৈধ লাইসেন্সধারী হতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৬। | ডেসপাস রাইডার (গ্রেড-১৮, বেতনস্কেল ৮৮০০-২১৩১০) | ০১(এক)টি | ১০ম শ্রেণি ও মোটর সাইকেল চালনার বৈধ লাইসেন্সধারী হতে হবে। |
| ০৭। | অফিস সহায়ক (গ্রেড-২০, বেতনস্কেল ৮২৫০-২০০১০/-) | ১২(বার)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলি:

০১। আবেদনকারীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরম স্বহস্তে পূরণ ও স্বাক্ষর করে আবেদন করতে হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে (www.rthd.gov.bd) আবেদন ফরম পাওয়া যাবে (ফরমের ফটোকপি গ্রহণযোগ্য)।

০২। (ক) ক্রমিক নম্বর ০১-০৫ পদের জন্য নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, চাঁদপুর, ফেনী, লক্ষ্মীপুর, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট, নীলফামারী, ঝিনাইদাহ, বাগেরহাট, সাতক্ষীরা, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর জেলা ব্যতীত অন্যান্য জেলার সকল প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

(খ) ক্রমিক নম্বর ০৬-০৭ পদের জন্য মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ি, শেরপুর, চাঁদপুর, খাগড়াছড়ি, ফেনী, রাঙ্গামাটি, জয়পুরহাট, নাটোর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, যশোর, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, ভোলা, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী, হবিগঞ্জ জেলা ব্যতীত অন্যান্য জেলার সকল প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

(গ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সংযুক্তি দাখিল করতে হবেঃ

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি (অস্পষ্ট ছবি গ্রহণযোগ্য নয়);

(খ) সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর অনুকূলে ১-৫০০১-০০০১-২০৩১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ০১-০৫ নম্বর ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ০৬-০৭ নম্বর ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারি চালানের মাধ্যমে জমা করে চালানের মূল কপি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়); এবং

(গ) প্রার্থীর নাম ও বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ৬/- (ছয়) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটযুক্ত একটি ফেরত খাম।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ০১ সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক এবং সকল প্রকার প্রশিক্ষণের সনদ;

(খ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

(গ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক নিম্নোক্ত তথ্যাদিঃ

| ক্রমিক নম্বর | প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী: | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | (নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ) | ১। লাল মুক্তিবার্তা নম্বর.............<br>২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর..........<br>৩। গেজেট নম্বর ও তারিখ................<br>৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ........<br>৫। বামুস সনদের নম্বর ও তারিখ.......... | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ...............<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ.........<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ............<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ......................... | |

(ঘ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সন্তানের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর ও সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত ওয়ারিশ সনদপত্র এবং মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশ সনদপত্রে তাঁর প্রতিস্বাক্ষর এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে কমপক্ষে ০১ জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে।

০৫। খামের উপরের ডান পাশে আবেদনকৃত পদের নাম, নিজ জেলার নাম ও বিশেষ কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক আবেদনপত্র আগামী ২২-০৪-২০১৮ তারিখ অফিস সময়ের মধ্যে সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, কক্ষ নম্বর-৮১৪, ভবন নম্বর-০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি অথবা নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৬। (ক) ২২-০৪-২০১৮ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে বয়সসীমা ১৮-৩০ বছর।

(খ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর আওতায় নিয়োগপ্রাপ্ত ও নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থী হিসেবে ক্রম-১ ও ৪ এর পদে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত এবং বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০১ অনুযায়ী ক্রম-৩ এর পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(গ) বয়স প্রমাণে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রে জন্ম তারিখ উল্লেখ থাকতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৭। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত এবং বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৯। ত্রুটিযুক্ত/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১০। কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক/সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১২। লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষার ফলাফল এবং চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(মোঃ আজহারুল ইসলাম খান)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, তিন কপি)

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম: | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | দি ন মা স ব ৎ স র |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | দি ন মা স ব ৎ স র | ৬. জন্মস্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র -কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | | তারিখ: | দি ন মা স ব ৎ স র |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: দি ন মা স ব ৎ স র

প্রার্থীর স্বাক্ষর